

৪র্থ সপ্তাহ এ্যাসাইনমেন্ট ২০২১

৭ম শ্রেণি

বিষয়: চারু ও কারুকলা

“চারুকলা একটি মানবীয় ক্রিয়া, যা দ্বারা সজ্ঞানে কতিপয় বাহ্যিক প্রক্রিয়া দ্বারা নিজের মনের অনুভূতি বা কোন ভাবে এমনভাবে অপরের নিকট পৌঁছে দেয়, যে অপরের মন যেভাবে সংক্রমিত হয় তা উপলব্ধি করতে পারে।”

‘অন্যদিকে’ “যে কলা বা শিল্প প্রধানত দৈহিক ও ব্যবহারিক চাহিদা মেটানোর সঙ্গে আনন্দ দান করে, তাকে কারুকলা বলে।”

আর এই চারু ও কারুকলা জীবনকে সুন্দর ও রুচিশীল করে তোলে। সাহায্য করে সমাজকে সুন্দরভাবে গড়তে কেননা এর ফলে মানুষ মনের আনন্দেও পাশাপাশি বেঁচে থাকার জন্য সৃজনশীল চিন্তা ভাবনা দ্বারা বাস্তব জীবনের চিত্র ফুটিয়ে তুলে। এছাড়াও চারু ও কারুকলা জ্ঞানসম্পন্ন ব্যক্তির মধ্যে সবসময় উন্নত চিন্তাভাবনা থাকায় সে খুব রুচিশীল হয়। ফলে তার রুচিশীল কাজ সবাই পছন্দ করে এবং তার এই কারুকাজ দ্বারা আর্থিকভাবে লাভবান হয়, তার জীবন হয় সুন্দর ও স্বচ্ছল। আর এর প্রভাব পড়ে সুন্দর সমাজ গঠনে। কেননা সমাজের লোকজন তার কাজ বা রুচিশীল কর্মকাণ্ড

দ্বারা অনুপ্রাণিত হয়ে নিজেকে সুন্দরভাবে সাজিয়ে তুলতে সোচ্চার হয়। এছাড়াও কারুকাজ দ্বারা সমাজে বিভিন্ন নকশা, ছবি তৈরীর মাধ্যমে সমাজে ছোট বাচ্চা এবং কিশোরদেও সৃজনশীল হওয়া এবং সেভাবে নিজেকে প্রস্তুত করার কাজ সম্ভব হয়। উন্নত রুচিবোধ থাকায় সমাজে সবাই পরিপাঠী থাকে ফলে সমাজে অরাজকতা, বিশৃঙ্খলা এবং অপরিচ্ছন্নতার সৃষ্টি হয় না। ফলে সমাজ হয়ে উঠে অনেক সৃজনশীল, গতিশীল এবং আধুনিক রুচিসম্পন্ন যা আধুনিক বিশ্বেও সাথে তাল মিলিয়ে চলতে প্রেরণা জোগায়। তাই আলোচনা শেষে বলা যায় যে, চারু ও কারুকলা যেমন ব্যক্তি জীবন সুন্দর ও রুচিশীল করে গড়ে তোলে তেমনি সাহায্য করে সমাজকে সুন্দর ও সঠিকভাবে সাজাতে।



NS TUITION

A Rare online teaching channel